তারিখ ... 05 APR 1990
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৮ ...

দৈনিক ইত্তেফাক

৭৫

৩৫

আজ হল খুলিতেছে

# চ্যান্সেলরের সাথে সিন্ডিকেট সদস্যদের বৈঠক

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

৩৯ দিন অনির্ধারিত ছুটির পর আজ (বৃহস্পতিবার) ঢাকা

(শেষ পৃ: ৪-এর ক: দ্র:)

আজ হল খুলিতেছে

(১ম পৃ: পর)

বিশ্ববিদ্যালয়ের হলগুলি খুলিবে।

কর্তৃপক্ষ ক্যাম্পাসের পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে গতকাল (বুধবার) ২২ ছাত্র সংগঠনের সহিত এক বৈঠকে মিলিত হয়। ক্যাম্পাসে সন্ত্রাস প্রতিরোধের লক্ষ্যে সন্ত্রাসকারীদের প্রশ্রয় না দেওয়ার জন্য বৈঠকে ঐক্যমত পোষণ করা হয়।

বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী আজ সিন্ডিকেট সদস্যদের সহিত চ্যান্সেলরের এবং স্বরাষ্ট্র মন্ত্রী ও পুলিশের উর্ধ্বতন কর্মকর্তাদের সহিত ভিসি ও হল প্রভোষ্টদের পৃথক পৃথক বৈঠক অনুষ্ঠিত হইবে।

বৈঠকে ৭ই এপ্রিল বিশ্ববিদ্যালয় খোলার দিন ছাত্র, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীদের সমন্বয়ে সন্ত্রাস দমনের পক্ষে জনমত সৃষ্টির উদ্দেশ্য মৌন শান্তি-মিছিল বাহির করার সিদ্ধান্ত নেওয়া হইয়াছে। ভিসি প্রফেসর ড: এম মনিরুজ্জামান মিয়া সভায় সভাপতিত্ব করেন। জানা যায়, আজ সকালে হলসমূহ খুলিয়া দেওয়ার সময় ক্যাম্পাসে পুলিশ প্রহরা জোরদার করা হইবে। কর্তৃপক্ষ ছাত্র-ছাত্রীদেরকে পরিচয়পত্র সঙ্গে রাখার পরামর্শ দিয়াছেন। উল্লেখ্য, ২৫শে ফেব্রুয়ারী ক্যাম্পাসে সন্ত্রাসী ঘটনায় ছাত্রলীগ (হা-অ) নেতা চুন্নুর হত্যাকাণ্ডের প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়।